**গ্রাহক পরিষেবা - দূরবর্তী চেকে তৎক্ষণাৎ জমা করা**
**স্থানীয় চেক - সর্বোচ্চ সীমা লাগু করা**

ভারতীয় রিজার্ভ ব্যাংক
কেন্দ্রীয় কার্যালয়
ব্যাংকের ক্রিয়াশীলতা ও উন্নয়ন বিভাগ
সেন্টার ১, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার
কাফে প্যারেড, কোলাবা, মুম্বাই ৪০০ ০০৫

Ref.DBOD.No.Leg.BC. 21 / 09.07.007 / 2002-03

আগস্ট ২৩, ২০০২.

তালিকাভুক্ত সমস্ত বাণিজ্যিক ব্যাংকগুলি
(আঞ্চলিক গ্রামীণ ব্যাংক ও আঞ্চলিক ব্যাংকগুলি ব্যাতীত)

মহাশয়,

**গ্রাহক পরিষেবা - দূরবর্তী চেকে তৎক্ষণাৎ জমা করা**
**স্থানীয় চেক - সর্বোচ্চ সীমা লাগু করা**

২৯শে মে, ২০০০এ জারি হওয়া আমাদের এই DBOD No.BC.181 / 09.07.007 / 99-2000 নং. বিজ্ঞপ্তির সাপেক্ষে ব্যাংকগুলিকে গ্রাহকদের তক্ষণাৎ সংগ্রহের জন্য ইস্যু করা ৭,৫০০/- টাকা মুল্য অবধি দূরবর্তী ও স্থানীয় চেক তৎক্ষণাৎ জমা করে দিতে পারেন।

২. ভারতীয় ব্যাংক অ্যাসোসিয়েশনের পরামর্শ অনুযায়ী, এই দূরবর্তী ও স্থানীয় চেকের তৎক্ষণাৎ ভাঙানোর মূল্যের সর্বোচ্চ সীমা Rs. 7,500/- টাকা থেকে বাড়িয়ে Rs. 15,000/- টাকা করার কথা বলা হচ্ছে। এক্ষেত্রে সময় সময় প্রকাশিত রিজার্ভ ব্যাংকের নির্দেশিকাগুলি মেনে চলতে হবে।

৩. নির্দেশিকা অনুযায়ী, ব্যাংকগুলিকে দূরবর্তী ও স্থানীয় চেকের তৎক্ষণাৎ ভাঙানোর জন্য ইস্যু করা চেক ভাঙিয়ে দেওয়ার জন্য নিম্নলিখিত নির্দেশগুলি মেনে চলতে হবে:

(ক) দূরবর্তী চেক ভাঙানোর জন্য সাধারণ মূল্য ও স্থানীয় চেক ভাঙানোর জন্য ৫/- টাকা ধার্য করা যেতে পারে।

(খ) গ্রাহকের অ্যাকাউন্টের সঠিক সঞ্চলন সম্বন্ধে ব্যাংকগুলিকে নিশ্চিত হতে হবে।

(গ) প্রত্যেক জমাকারীকে ব্যাংক একই রকম সুবিধা দিতে পারে, তাদের অবস্থান, যেমন, পরিষেবাকারী ব্যাংক, চালু বা নগদ জমা খাতা ইত্যাদি।

(ঘ) এই সুবিধা দেওয়ার জন্য ব্যাংকগুলি কোনো ন্যূনতম মূল্যের মাত্রা স্থির করতে পারবেনা।

(ঙ) উপযুক্ত সতর্কতামূলক ব্যবস্থা নিয়ে, এই সুবিধা, ব্যাংকগুলির পরিবর্ধিত কাউন্টারগুলিতে গ্রাহকদের দেওয়া যেতে পারে।

(চ) তাৎক্ষণিক চেক ভাঙানোর পরামর্শ দেওয়া হলেও, Rs. 15,000/- অবধি মূল্যের চেকের উপর সুদ ধার্য না করাকে, ভারতীয় রিজার্ভ ব্যাংকের সুদের হারের উপর জারি করা নির্দেশিকার অবমাননা হিসাবে দেখা হবে না

(ছ) যদি মূল্য ১৫,০০০/- টাকার বেশি হয়, এবং প্রকৃত মূল্য ভাঙানোর তারিখের পূর্বেই, চেকের মূল্য যেভাবেই হোক, অ্যাকাউন্টে দিয়ে দেওয়া হয়, ব্যাংকগুলি চুক্তি অনুযায়ী নির্দিষ্ট সুদের হার (ব্যাংকের নির্দিষ্ট পরিষেবা মূল্য ছাড়াও) নিতে পারে। গ্রাহককে টাকা দেওয়ার তারিখ ও প্রকৃত মূল্য ভাঙানোর তারিখ অবধি সময়কালের মধ্যে ওই সুদের হার ধার্য করা যেতে পারে।

(জ) যদি চেক প্রত্যাখ্যাত হয়ে ফিরে আসে, ভারতীযর রিজার্ভ ব্যাংকের সুদের হার সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী, ব্যাংকগুলি যে সময় অবধি জমা পাবেনা, সেই সময়ের জন্য সুদের হার ধার্য করতে পারে।

(১) চেকের মূল্য দেওয়া ও দূরবর্তী স্থানের চেক ভাঙিয়ে ফিরে আসার মধ্যে যে সময়ের ব্যবধান, তার জন্য গ্রাহকের কাছ থেকে কোনো সুদ দাবি করা যাবেনা।

(২) ব্যাংকগুলি চেকের মূল্য দেওয়া ও প্রকৃত চেক ভাঙানোর মূল্য ফেরত পাওয়ার সময়কালের মধ্যে ব্যাংকগুলি সুদ চাইতে পারে।

(৩) চেক যদি সঞ্চয় খাতার জন্য হয়, তাহলে চেক প্রত্যাখ্যাত হয়ে ফিরে আসলেও, তার উপর কোনো সুদ ধার্য হবে না।

(ঝ) ব্যাংকগুলি একটি ছাপা বিজ্ঞপ্তি সম্বলিত স্লিপ প্রচলন করতে পারে, যেখানে বলা হবে যে চেক প্রত্যাখ্যাত হলে, যতদিন পর্যন্ত ব্যাংকে ওই টাকা জমা না পড়বে, সেক্ষেত্রে গ্রাহককে স্বাভাবিক হারে ওই সময়ের জন্য সুদ দিতে হবে।

(ঞ) এই সুযোগের প্রাপ্তিযোগ্যতা সম্বন্ধে সকলের চোখে পড়ার মতো জায়গায় বিজ্ঞপ্তি দিতে হবে।

৪. আপনারা তাৎক্ষণিক কর্মপন্থার জন্য নিজের নিজের ব্যাংকের সংশ্লিষ্ট শাখাগুলিতেও অনুরূপ নির্দেশিকা জারি করতে পারেন।

প্রাপ্তি সংবাদ জানাবেন

ইতি ভবদীয়,

(এম.আর.শ্রীনিবাসন)
চীফ জেনারেল ম্যানেজার ইন চার্জ